



## কিন্ডারগার্টেনে ভর্তির আবেদন এখন শুরু হয়েছে!

প্রিয় পরিবারবর্গ,

কিন্ডারগার্টেনে ভর্তির আবেদন এখন শুরু হয়েছে! আপনি যদি নিউ ইয়র্ক সিটিতে বসবাস করেন এবং আপনার 2021 সালে  
জন্মগ্রহণকারী একজন সন্তান থেকে থাকে, তবে 23 জানুয়ারি, 2026 তারিখের সময়সীমার মধ্যে আপনি কিন্ডারগার্টেনে  
ভর্তির আবেদন করতে পারবেন।

অনুগ্রহ করে জেনে রাখুন যে কিন্ডারগার্টেনে ভর্তি আগে আসলে আগে পাবেন ভিত্তিতে হয় না: আগে আবেদন করায় কোনও  
বাড়তি সুবিধা নেই, এবং সময়সীমার মধ্যে গৃহীত সব আবেদনকে ভর্তির অগ্রাধিকারের ভিত্তিতে সমান গুরুত্ব দেয়া হয়।

আপনি তিনটি উপায়ের একটির মাধ্যমে আবেদন করতে পারেন:

- অনলাইনে MySchools.nyc-এর মাধ্যমে—সুপারিশকৃত!

  - ইতোমধ্যে একটি অ্যাকাউন্ট আছে? নতুন একটি তৈরির কোনো প্রয়োজন নেই, আপনি একই অ্যাকাউন্ট  
ব্যবহার করতে পারবেন। আপনি যদি সন্তানকে ড্যাশবোর্ডে না দেখেন, তাহলে "Add a child" (একটি  
সন্তান যোগ করুন) বেছে নিয়ে তাকে যোগ করতে পারেন।
  - একটি অ্যাকাউন্ট নেই? আজই আপনার অ্যাকাউন্ট তৈরি করুন। এলিমেন্টারি স্কুল খুঁজতে, কিন্ডারগার্টেনে  
আবেদন করতে, এবং আপনার সন্তানের অফারের চিঠি পেতে আপনি মাইস্কুলস্ ব্যবহার করবেন।  
আপনার মাইস্কুলস্ অ্যাকাউন্ট কীভাবে তৈরি করতে হবে এবং কীভাবে আবেদন করতে হবে তা জানতে  
এই ভিডিও চিউটোরিয়ালগুলো দেখুন।

- ফোনে 718-935-2009 নম্বরে। সোমবার থেকে শুক্রবার, 8 am থেকে 6 pm-এর মধ্যে আমাদেরকে ফোন করুন।
- একটি ফ্যামিলি ওয়েলকাম সেন্টারের সাথে যোগাযোগ করে। কীভাবে করতে হবে, তা জানতে  
[schools.nyc.gov/FWC](http://schools.nyc.gov/FWC) দেখুন।

আবেদনের প্রতিটি পদ্ধতি পদ্ধতি অনুবাদ এবং দোভাসী পরিষেবা লভ্য রয়েছে।

অনুস্মারক হিসেবে, আপনি কিন্ডারগার্টেন, কিন্ডারগার্টেন গিফটেড অ্যাস্ট ট্যালেন্টেড (G&T), ডুয়েল ল্যাঙ্গুয়েজ, এবং ডিস্ট্রিক্ট  
24 STEM প্রোগ্রামসহ সব ধরনের কিন্ডারগার্টেন প্রোগ্রামে আবেদন করতে এই আবেদনপত্র ব্যবহার করতে পারেন।  
আপনার জোন বা ডিস্ট্রিক্টের বাইরের স্কুলগুলো সহ, আপনি অংশগ্রহণে আগ্রহী যতগুলো পছন্দ আছে ততগুলোকে  
তালিকাভুক্ত করতে পারেন। জোনভুক্ত শিক্ষার্থীদেরকে তাদের জোনভুক্ত স্কুলে সর্বোচ্চ ভর্তির অগ্রাধিকার দেয়া হয়।

প্রকৃত অগ্রাধিকারের ক্রমানুসারে প্রোগ্রামগুলো তালিকাভুক্ত করার বিষয়টি নিশ্চিত করুন, এমন কী প্রোগ্রামগুলো একই  
স্কুলেও হয়ে থাকলেও। উদাহরণস্বরূপ, যদি আপনি অন্য কিন্ডারগার্টেন প্রোগ্রামের(গুলোর) চেয়ে কোনো স্কুলের G&T  
প্রোগ্রামে যেতে বেশি আগ্রহী হন, তাহলে সেই প্রোগ্রামটিকে আবেদনপত্রের আরো উপরে তালিকাভুক্ত করুন। আবেদনপত্রে  
আপনি পছন্দগুলো যে ধারাক্রমেই তালিকাভুক্ত করুন না কেন, এতে শিক্ষার্থীর ভর্তিতে অগ্রাধিকার পরিবর্তিত হয় না।

একটি ওপেন হাউজ অথবা স্কুল সফরে (ট্র্যু-এ) যাওয়ার মাধ্যমে আপনি আগ্রহের স্কুলগুলো সম্পর্কে আরও জানতে পারেন।  
মাইস্কুলস্-এর অনুষ্ঠান বিষয়ক ক্যালেন্ডার-এ কোনো কোনো স্কুল ওপেন হাউস এবং সফরের তারিখ পোস্ট করবে। এছাড়াও  
কোনো স্কুল সম্পর্কে আরো জানতে চাইলে আপনি তার ওয়েবসাইট দেখতে অথবা সরাসরি তাদের সাথে যোগাযোগ করতে  
পারেন।

আরও জানতে চান? এলিমেন্টারিতে ভর্তি সম্পর্কিত আমাদের ভার্চুয়াল তথ্য অধিবেশনগুলোর একটিতে অংশ নিন। তারিখ  
এবং বিস্তারিত তথ্যের জন্য, আমাদের এলিমেন্টারি স্কুল সংক্রান্ত অনুষ্ঠানগুলোর ওয়েবসাইট দেখুন। আসন্ন সপ্তাহগুলোতে,  
আমরা ধারাবাহিকভাবে সর্বসাম্প্রতিক তথ্য ও অনুস্মারক পাঠাবো।



প্রশ্ন আছে কি? আমাদের 718-935-2009 নম্বরে ফোন করুন অথবা [ESEnrollment@schools.nyc.gov](mailto:ESEnrollment@schools.nyc.gov) ঠিকানায় ইমেইল করুন।

শুভেচ্ছান্তে,

এলিমেন্টারি অ্যাডমিশনস্ টিম

এই ইমেইলটি কি আপনার কোনো বন্ধু আপনাকে প্রেরণ (ফরওয়ার্ড) করেছেন? [schools.nyc.gov/SignUp](http://schools.nyc.gov/SignUp)-এ আমাদের কিভারগার্টেনে ভর্তিতে আগ্রহীদের ইমেইল তালিকায় নাম লেখাতে (বা সাইন আপ করতে) ভুলবেন না।

আমাদের কোনো একটি অথবা সবগুলো মেইলিং লিস্ট থেকে আপনি আর কোনো ইমেইল পেতে না চাইলে, আনসাবন্ডাইব করার জন্য অনুগ্রহ করে [এখানে](#) ক্লিক করুন।